

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অধিশাখা-১৩ (কারিগরি-২)
পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০.০৫২.২৭.০০২.১৭- ২১১

তারিখ : ০৩ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ।
১৬ এপ্রিল, ২০১৭ খ্রি:।

বিষয় : এইচ.এস.সি (ভোকেশনাল) পরীক্ষা ২০১৭ এর প্রশ্নপত্র অপরিপূর্ণতা প্রসঙ্গে।

সূত্র : ০৫.৩০.৫৯০০.২১১.০২.০১২.১৬-১৪৪, তারিখ : ৩০/০৩/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কেন্দ্রে চলমান এইচ.এস.সি সমমান পরীক্ষার ইংরেজি ২য় কোড ১১২২-এর 'খ' সেট ২০টি করে ০২টি প্যাকেটে মোট ৬৭ জন পরীক্ষার্থীর জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক ৪০টি প্রশ্নপত্র প্রেরণ করা হয়। অবশিষ্ট ২৭টি প্রশ্নপত্র কম পাওয়া বিষয়ে জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ অত্র বিভাগকে অবহিত করেছেন (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, নিম্নোক্ত বিষয়সমূহের ক্ষেত্রে আগামি ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যাসহ মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর আওতাধীন ২০১৭ সালের গৃহীত সকল পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে নির্ধারিত সময়ের পরে ফরম ফিলামকৃত শিক্ষার্থীর তালিকা প্রেরণ,
- মুন্সীগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কেন্দ্রে ইংরেজি ২য় বিষয়ের প্রশ্নপত্র ৬৭টির স্থলে ৪০টি সরবরাহের কারণ;
- প্রয়োজনের চেয়ে কম প্রশ্নপত্র সরবরাহের বিষয়ে জেলা প্রশাসকের আবেদনের প্রেক্ষিতে কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে সে বিষয়ে ব্যাখ্যাসহ মতামত প্রদান;
- এ ধরনের আর কোন ঘটনা চলতি পরীক্ষায় ঘটে থাকলে তার বিস্তারিত বিবরণ প্রদান।

(সুশোভ চন্দ্র চালী)

উপসচিব

ফোনঃ ৯৫৮২০৫৫

ds_tec2@tmed.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।

২। প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(অফিস আদেশটি অত্র বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)